সত্য প্রেম পবিত্রতা


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।

Govt. Brojomohun College, Barishal.

অধ্যক্ষ ঃ অফিস ০২৪৭৮৮-৬৪৯০৯, ৬৪৭০৬, বাসা-২১৭৩৫১৪, উপাধ্যক্ষ ঃ অফিস- ২১৭৩৫৮৩

ই-মেইল ঃ principalbmcollege@gmail.com, ওয়েবসাইট ঃ www.bmcollege.gov.bd, TIIN-100875


## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত তথ্য ও নিয়মাবলী নিম্নে দেয়া হল। ভর্তি কমিটিসহ সকলকে অবশ্যই মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভর্তির যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে।

০১. Online এর মাধ্যমে আবেদন সংগ্রহ ও ফি জমাদান সংক্রান্ত ঃ

ক) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে মেধা ও পছন্দ ক্রমানুসারে চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি -

**২২/০১/২০২৩ তারিখ থেকে ২৬/০১/২০২৩ তারিখ পর্যন্ত (সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা)।**

খ) শিক্ষার্থী তার রোল নম্বর, শিক্ষা বোর্ড, পাসের সন এবং Pin কোড দিয়ে ভর্তির নির্ধারিত ওয়েবসাইট- www.xiclassadmission.gov.bd এ Login করলে শিক্ষার্থীর নাম, নির্বাচিত কলেজের নাম, বরাদ্দকৃত গ্রুপ ও অন্যান্য তথ্যসমূহ দেখতে পাবে এবং উক্ত ফরমটি প্রিন্ট করে নিতে হবে।

গ) শিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত কলেজ ভিত্তিক চূড়ান্ত তালিকায় যে সকল শিক্ষার্থী সরকারি ব্রজমোহন কলেজে ভর্তির সুযোগ পাবে, তারা কলেজ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে Biller ID এর জায়গায় 3288 লিখতে হবে এবং Student ID এর জায়গায় শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার রোল নং লিখতে হবে। ফি পরিশোধ করার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীর মোবাইল ফোনে Rocket থেকে একটি SMS যাবে যার Txn ID ভর্তি ফরমের নির্ধারিত জায়গায় লিখতে হবে এবং SMS টি সংরক্ষণ করতে হবে যাহা আবেদন ফরম জমা দেওয়ার সময় ভর্তি ফরম গ্রহণকারীকে SMS টি দেখাতে হবে। ফি জমা দেওয়ার ক্ষেত্রে কোন ভুল হলে দায় শিক্ষার্থীকেই নিতে হবে।

ঘ) ভর্তি ফরম কলেজের ওয়েব সাইটে পাওয়া যাবে। কলেজের ওয়েব সাইট www.bmcollege.gov.bd এ Login করে HSC Admission অপশনে ক্লিক করে শাখা ভিত্তিক ভর্তির ফরম (রঙিন কপি) সংগ্রহ করবে এবং তা শিক্ষার্থী কর্তৃক নির্ভুল ও স্পষ্ট ভাবে পূরণ করতে হবে।

ঙ) ২১/০১/২০২৩ ইং তারিখ বোর্ড কর্তৃক প্রদত্ত মেধাক্রম অনুযায়ী ফলাফল কলেজের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং শিক্ষার্থীর মেধাক্রমই হবে শিক্ষার্থীর শ্রেণি রোল নম্বর।

২) ভর্তির জন্য যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

ক) মাধ্যমিক ও সমমান পরীক্ষা পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ নম্বরপত্রের অনুলিপি, মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের অনুলিপি ও প্রশংসা পত্রের অনুলিপি, শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনুলিপি এবং শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

খ) ০৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জেমস ক্লিপ দিয়ে সংযুক্ত করতে হবে। ছবির পিছনে শিক্ষার্থীর নাম ও শ্রেণি রোল নম্বর লিখে দিতে হবে।

**গ) ভর্তির সময় মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র একটি A4 সাইজের খামে ভরে জমা দিতে হবে। খামের উপরে শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি রোল নম্বর এবং শিক্ষার্থীর ও অবিভাবকের সচল মোবাইল নম্বর লিখতে হবে। কোন অবস্থাতেই মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ নম্বরপত্র ছাড়া শিক্ষার্থীর ভর্তি হওয়ার সুযোগ নাই।**

ঘ) ভর্তি ফরমে ছাত্র-ছাত্রী কোন রকম ভুল তথ্য প্রদান করলে যোগাযোগ ছাড়াই তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঙ) কোটায় নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা বোর্ডের অনুমোদন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্রের অনুলিপি সত্যায়িত করে কলেজে জমা দিতে হবে।

চ) নির্ধারিত ফি জমাদান পূর্বক পূরণকৃত ভর্তির আবেদন ফরম ও উল্লিখিত কাগজপত্র সহ নির্ধারিত সময়ের মধ্যে কলেজের উচ্চ মাধ্যমিক ভবনে জমা দিতে হবে।

০৩. ভর্তির টাকার পরিমাণ ঃ

উচ্চ মাধ্যমিক মানবিক শাখা ঃ ২৭১৭.০০
উচ্চ মাধ্যমিক ব্যবসায় শিক্ষা শাখা ঃ ২৭১৭.০০
উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখা ঃ ২৮১৭.০০

০৪. সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল এ উচ্চ মাধ্যমিক শ্রেণিতে শাখা সমূহ ঃ ক) মানবিক শাখা খ) ব্যবসায় শিক্ষা শাখা গ) বিজ্ঞান শাখা শিক্ষার্থীবৃন্দকে তাদের পঠিতব্য বিষয়সমূহ নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

আবশ্যিক বিষয় (সকল শাখার জন্য প্রযোজ্য) ক) বাংলা (১০০) -২০০) নম্বর, খ) ইংরেজি (১০৭)-২০০ নম্বর, গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)-১০০ নম্বর।

শাখা ভিত্তিক বিষয় সমূহঃ

| শাখা | শাখা ভিত্তিক আবশ্যিক বিষয় (তিনটি বিষয় নিতে হবে) | শাখা ভিত্তিক ঐচ্ছিক বিষয় (একটি বিষয় নেয়া যাবে) |
|---|---|---|
| বিজ্ঞান | ১. পদার্থবিজ্ঞান(১৭৪)<br>২. রসায়ন (১৭৬)<br>৩. জীববিজ্ঞান (১৭৮) অথবা উচ্চতর গণিত | জীববিজ্ঞান(১৭৮) অথবা উচ্চতর গণিত (২৬৫) |
| মানবিক | ১. ইতিহাস(৩০৪) অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি(২৬৭),<br>২. পৌরনীতি ও সুশাসন (২৬৯)<br>৩. অর্থনীতি (১০৯) ০৪. যুক্তিবিদ্যা (১২১)<br>৫. সমাজকর্ম(২৭১) অথবা সমাজবিজ্ঞান(১১৭) | ১. ইসলামী শিক্ষা (২৪৯),<br>২. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি(২৬৭),<br>৩. পৌরনীতি ও সুশাসন (২৬৯)<br>৪. অর্থনীতি (১০৯) ০৫. যুক্তিবিদ্যা (১২১)<br>৬. সমাজকর্ম(২৭১) অথবা সমাজবিজ্ঞান(১১৭) |
| ব্যবসায় শিক্ষা | ১. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা(২৭৭)<br>২. হিসাববিজ্ঞান (২৫৩)<br>৩. ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা (২৯২) অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন(২৮৬) | ১. ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা (২৯২) অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬) |

উল্লেখ্য, মানবিক শাখায় পঠিতব্য বিষয় নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিক ও ঐচ্ছিক বিষয় হিসেবে কোন শিক্ষার্থী (১) ইতিহাস এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২) সমাজকর্ম এবং সমাজবিজ্ঞান একই সাথে নিতে পারবে না।

৫. উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ শুরুর তারিখঃ

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)
আইডি নং-৭১৫৪
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।

সংশ্লিষ্ট কমিটিকে ভর্তির সকল নিয়মাবলী অনুসরণ পূর্বক শিক্ষার্থী ভর্তি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
অবগতি ও প্রয়োজনীয় কার্যাথে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. উপাধ্যক্ষ, সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।
২. আহবায়ক, উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি ২০২২-২০২৩
৩. সংরক্ষণ নথি।

২৮.০১.২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)
আইডি নং-৭১৫৪
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।